

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা কমান্ড্যান্টের কার্যালয়

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সিরাজগঞ্জ।

স্মারক নং-৪৪.০৩.৫০৮৮.০০২.৬০.০০৭.২২-১৭৯৬,

তারিখ- ১৫/১০/২০২২ খ্রিঃ।

“ অফিস আদেশ ”

সিরাজগঞ্জ জেলার জেলা পরিষদ সাধারণ নির্বাচন ২০২২ আগামী ১৭/১০/২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হবে। সে প্রেক্ষিতে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা এর স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৫২.০১০.২২-৭৯১; তারিখ-১৩/১০/২০২২ খ্রিঃ মূলে সাধারণ আনসার আইন ১৯৯৫ এর ৬ (৪) নম্বর ধারা অনুযায়ী এবং একই আইনের ১২ নম্বর ধারা বলে মহাপরিচালক আনসার ও ভিডিপি মহোদয় কর্তৃক প্রদত্ত ক্ষমতাবলে প্রতিটি ভোটকেন্দ্রের আইনশৃংখলা রক্ষার নিমিত্তে ৯ জন পিসি (অস্ত্রসহ), ৯ জন এপিসি (অস্ত্রসহ), ৯ জন আনসার ও ভিডিপি (পুরুষ-লাঠিসহ) এবং ৯ জন ভিডিপি (মহিলা-লাঠিসহ) সর্বমোট ৩৬ জন সদস্য-সদস্যাকে নিম্ন ছক মোতাবেক আগামী ১৬/১০/২০২২ খ্রিঃ হতে ১৮/১০/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনের জন্য অংগীভূত করা হলো :-

ক্রঃ নং	উপজেলার নাম	ভোট কেন্দ্রের সংখ্যা	মোতায়েনকৃত জনবল					মন্তব্য
			পিসি (অস্ত্রসহ)	এপিসি (অস্ত্রসহ)	আনসার/ভিডিপি (পুরুষ-লাঠিসহ)	আনসার/ভিডিপি (মহিলা-লাঠিসহ)	মোট জনবল	
১.	সদর	০১	০১	০১	০১	০১	০৮	
২.	কাজিপুর	০১	০১	০১	০১	০১	০৮	
৩.	রায়গঞ্জ	০১	০১	০১	০১	০১	০৮	
৪.	বেলকুচি	০১	০১	০১	০১	০১	০৮	
৫.	তাড়াশ	০১	০১	০১	০১	০১	০৮	
৬.	শাহজাদপুর	০১	০১	০১	০১	০১	০৮	
৭.	উল্লাপাড়া	০১	০১	০১	০১	০১	০৮	
৮.	কামারখন্দ	০১	০১	০১	০১	০১	০৮	
৯.	চৌহালী	০১	০১	০১	০১	০১	০৮	
-	মোট-	৯	৯	৯	৯	৯	৩৬	


মোতায়েন পরিকল্পনাঃ নির্বাচনে ভোটকেন্দ্রে আনসার-ভিডিপি বাহিনীর জনবল মোতায়েন নিম্নরূপ :-

- ১। জনবল : প্রতি ভোটকেন্দ্রে ১xপিসি (অস্ত্রসহ), ১xএপিসি(অস্ত্রসহ), ১xআনসার/ভিডিপি সদস্য (পুরুষ-লাঠিসহ) এবং ১x ভিডিপি সদস্য (মহিলা-লাঠিসহ) মোট=০৮ জন।
- ২। মেয়াদ : ০৩ (তিন) দিন (যাতায়াত, অন্যান্য প্রস্তুতিমূলক কাজ ও প্রশিক্ষণের জন্য ভোট গ্রহণের পূর্বে ০১ (এক) দিন, ভোট গ্রহণের দিন এবং ভোট গ্রহণের পরের দিনসহ মোট ০৩ (তিন) দিন অর্থাৎ ১৬/১০/২০২২ খ্রিঃ হতে ১৮/১০/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত।
- ৩। অস্ত্র ও গুলি ইস্যু : প্রতিটি কেন্দ্রের জন্য ০২(দুই) টি শটগান এবং প্রতিটি শটগানের বিপরীতে ১০ (দশ) টি কার্তুজ ইস্যু করতে হবে।
- ৪। অস্ত্র ও গুলি সরবরাহ : (ক) ৮টি উপজেলা নির্বাহী কর্মকর্তার গার্ড হতে ৮x২=১৬টি শটগান এবং ১০x১৬=১৬০ (একশত ষাট) টি কার্তুজ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে সমন্বয় করে ইস্যু করতে হবে। (খ) সদর উপজেলার জন্য ২টি শটগান এবং এবং ২০(বিশ) রাউন্ড কার্তুজ জেলা অস্ত্রাগার হতে ইস্যু করতে হবে।
- ৫। কমান্ড সার্টিফিকেট ও অন্যান্য :
ক) সংশ্লিষ্ট উপজেলার আনসার ও ভিডিপি কর্মকর্তা কমান্ড সার্টিফিকেট ইস্যু করতঃ সংশ্লিষ্ট পুলিশ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।
খ) আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদেরকে তাদের স্ব-স্ব ইউনিয়ন/ওয়ার্ডের বাইরে মোতায়েন করতে হবে।
গ) মোতায়েনকৃত সদস্য/সদস্যাগণকে তাদের সিসিতে উপস্থিতির বিষয়ে প্রিজাইডিং অফিসারের মন্তব্যসহ স্বাক্ষর নিতে হবে।
ঘ) লাঠি, পোশাকাদি ও অন্যান্য সরঞ্জামাদি প্রদান সংশ্লিষ্ট উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নিশ্চিত করবেন।
ঙ) সংশ্লিষ্ট উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা ভোটকেন্দ্রে অংগীভূত পিসি, এপিসি, আনসার ও ভিডিপি সদস্য/সদস্যাদের দায়িত্ব তদারকি নিশ্চিত করবেন।
চ) কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে অথবা নির্বাচন বন্ধ/স্থগিত হলে তাৎক্ষণিকভাবে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবেন; অন্যথায় সংশ্লিষ্ট উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা দায়ী থাকবেন।

জরুরি প্রয়োজনে :

ক) নিয়ন্ত্রণ কক্ষ : ০১৫৫৮-৪৩৮৬৩০

খ) জেলা কমান্ড্যান্ট : ০১৭৩০-০৩৮১০০



ফরেক আহমেদ

বিএডি-১২০১৪৭

জেলা কমান্ড্যান্ট


আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সিরাজগঞ্জ।

স্মারক নং-৪৪.০৩.৫০৮৮.০০২.৬০.০০৭.২২-১৭৯৬,

তারিখ- ১৫/১০/২০২২ খ্রি।

অনুলিপি ৪ সদয় অবগতি ও কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

- ০১। প্রশাসন/অপারেশন/বাজেট শাখা
সদর দপ্তর, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা।
- ০২। নির্বাচন মনিটরিং সেল, সদর দপ্তর, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা।
- ০৩। উপ-মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ, রাজশাহী।
- ০৪। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ০৫। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, সিরাজগঞ্জ।
- ০৬। উপ-পরিচালক (মনিটরিং)
সদর দপ্তর, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা।
- ০৭। জেলা নির্বাচন অফিসার, সিরাজগঞ্জ।
- ০৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সিরাজগঞ্জ।
- ০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা সিরাজগঞ্জ।
- ১০। উপজেলা নির্বাচন অফিসার সিরাজগঞ্জ।
- ১১। অফিসার ইনচার্জ সিরাজগঞ্জ।
- ১২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাসিরাজগঞ্জ।
- ১৩। অফিস কপি।


১৫/১০/২০২২
জেলা কমান্ড্যান্ট

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সিরাজগঞ্জ।